তারিখ : 23 FEB 2016
পৃষ্ঠা : ৭ কলাম : ৮

আমাদেরসময়

# জাবিতে প্রতিবেশীকে জানুন শীর্ষক আন্তর্জাতিক সম্মেলন শুরু

জাবি প্রতিনিধি ●
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (জাবি) ও গণবিশ্ববিদ্যালয়ের যৌথ উদ্যোগে মহান একুশে ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে 'প্রতিবেশীকে জানুন' শীর্ষক আন্তর্জাতিক সম্মেলন শুরু হয়েছে। গতকাল সোমবার সকাল ১০টায় গণবিশ্ববিদ্যালয়ে এর উদ্বোধন করেন জাবির উপাচার্য অধ্যাপক ড. ফারজানা ইসলাম। তিনি বলেন, ভাষা স্বাধীন সত্তা ও জাতি হিসেবে প্রতিষ্ঠার অনুরণ ঘটায়। ১৯৫২ সালের ভাষা আন্দোলন আমাদের আলাদা জাতি হিসেবে প্রতিষ্ঠার ভিত গড়ে দিয়েছে।

গণবিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মেসবাহ উদ্দিন আহমদের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইমেরিটাস অধ্যাপক সিরাজুল ইসলাম চৌধুরী। এ সময় বক্তব্য রাখেন সম্মেলনের জাবির আহবায়ক অধ্যাপক ড. এটিএম আতিকুর রহমান ও সম্মেলনের গণবিশ্ববিদ্যালয়ের আহবায়ক অধ্যাপক মনসুর মুসা। এতে ভারতের ৭০ ও বাংলাদেশের শতাধিক শিক্ষক-গবেষক অংশগ্রহণ করেন।

সম্মেলনের দ্বিতীয় দিন আজ মঙ্গলবার জাবির জহির রায়হান মিলনায়তনে সকাল ১০টায় দুটি সেশনের উদ্বোধন করা হবে।